# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২০৮. মহিলারা কি কবর যিয়ারত করতে পারবে?

ঘন ঘন কবর যিয়ারত করতে মেয়েদেরকে রাসূলুল্লাহ (সা.) নিষেধ করেছেন এবং এ কাজে অভিশাপও দিয়েছেন। তিনি বলেছেন,

“বেশি বেশি কবর যিয়ারতকারিণী নারীদেরকে রাসূলুল্লাহ (সা.) অভিশাপ দিয়েছেন।” (তিরযিমী: ১০৫৬) তবে একান্ত আবশ্যক মনে করলে কদাচিৎ, মাঝে-মধ্যে যিয়ারত করতে পারবে। মা আয়েশা (রা.) বাকী কবরস্থানে কখনো কখনো গিয়েছেন এবং কবরবাসীর জন্য দু'আ করেছেন। এ বিষয়ে এক প্রশ্নের জবাবে তিনি বলেছেন, তাদের জন্য দু'আ করতে আমি আদিষ্ট হয়েছি। (আহমাদ- ১/২৫২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=13397

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন